অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) জেনিংস ক্রিক/স্টার্লিং স্টেট পার্কের দাবানলের মোকাবেলা করার চলমান অপারেশনকে সমর্থন করার জন্য FEMA-এর FIRE MANAGEMENT ASSISTANCE GRANT ডিক্লারেশন নিশ্চিত করেছেন

ডিক্লারেশনটি দাবানলের মোকাবেলা করার চলমান অপারেশনকে সমর্থন করার জন্য ফেডারেল অনুদান তহবিল পাওয়ার সুযোগ দিবে

জেনিংস ক্রিক/স্টার্লিং স্টেট পার্কের আগুন হলো 2008 সালের পর থেকে স্টেটের সবথেকে বড় আগুন

পুরো স্টেটে বার্ন ব্যান কার্যকর থাকছে; লং আইল্যান্ড এবং হাডসন ভ্যালিতে আগুনের ঝুঁকি "অত্যন্ত বেশি"

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) থেকে একটি Fire Management Assistance Grant (FMAG) ডিক্লারেশন নিশ্চিত করেছেন, যা দিয়ে জেনিংস ক্রিক (Jennings Creek) /স্টার্লিং স্টেট পার্কের (Sterling State Park) দাবানলের মোকাবেলা করার চলমান চেষ্টার কিছু খরচ পরিশোধ করা যাবে। এই ডিক্লারেশনটির কারণে একটি দ্রুত রিভিউয়ের প্রক্রিয়া শুরু হয়, ফলে চলমান কোনো অনিয়ন্ত্রিত আগুন যদি ধ্বংসের ব্যাপক হুমকি সৃষ্টি করে তাহলে তার ভিত্তিতে FEMA-এর অনুদান সহায়তা পাওয়া যেতে পারে। আগুনের মোকাবেলা করতে স্টেট বা স্থানীয় সরকারের যে খরচ হয়েছে, যেমন শ্রমিকদের খরচ থেকে শুরু করে মিউচ্যুয়াল এইড অপারেশন পর্যন্ত, তার কিছুটা এই অনুদানের তহবিল ফেরত দিবে।

"Fire Management Assistance Grant ডিক্লারেশনটি জেনিংস ক্রিক /স্টার্লিং স্টেট পার্কের দাবানলের সাড়াদানের জন্য এবং এর পথে থাকা সকলকে রক্ষা করার জন্য হওয়া খরচ পরিশোধ করতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ ফেডারেল তহবিল পাওয়ার সুযোগ তৈরি করে দিয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আগুনের সামাল দিতে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় সরকারে আমাদের পার্টনারদের সাথে আমরা দিনরাত কাজ করছি।"

Fire Management Assistance Grant Declaration ডিক্লারেশনের অনুদানের ঘোষণা দেওয়া হয় চারটি বিষয়ের উপর ভিত্তি করে, জীবন ও সম্পত্তির জন্য ঝুঁকি, স্টেট ও স্থানীয় কী রিসোর্স

রয়েছে, বেশি বিপজ্জনক আগুনের পরিস্থিতি, এবং সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব। এই অনুদানের সীমা পূরণ করার জন্য স্টেটকে অবশ্যই দেখাতে হবে যে মোট যোগ্য খরচ 1.85 মিলিয়ন মার্কিন ডলার বা তার বেশি। যোগ্য খরচের মধ্যে রয়েছে শ্রমিক; যাতায়াত এবং প্রতিদিনের খরচ; আগুন নেভানোর কাজে হওয়া ক্ষতির অস্থায়ী মেরামত; মিউচ্যুয়াল এইড, এবং মোবিলাইজেশন ও ডিমোবিলাইজেশন।

নিউ ইয়র্ক স্টেটের পুরো স্টেটের 5,000 একরের বেশি স্থানজুড়ে এখন তেরোটি দাবানল আছে যার মধ্যে জেনিংস ক্রিক/স্টার্লিং স্টেট পার্কের আগুন আছে। সর্বশেষ দাবানলগুলির জন্য নিউ ইয়র্কের সাড়াদানের মধ্যে আছে:

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জাররা নিউ জার্সি ফরেস্ট ফায়ার সার্ভিসের (New Jersey Forest Fire Service) সাথে ইউনিফাইড কমান্ডের (Unified Command) অধীনে জেনিংস ক্রিক/স্টার্লিং স্টেট পার্কের দাবানলের জন্য নিউ ইয়র্কের মাল্টি-এজেন্সি সাড়াদানের নেতৃত্ব দিয়ে চলেছে। এখন পর্যন্ত, 33 জন DEC-এর ফরেস্ট রেঞ্জার, বনভূমির দমকলকর্মী, এবং অন্যান্য সাপোর্ট কর্মী, এবং সেই সাথে মন্টানার (Montana) 18 জন ও কলোরাডোর (Colorado) দুইজন দমকলকর্মী, এবং নিউ ইয়র্কের কয়েকশত ভলান্টিয়ারকে আগুনের কাজে নিযুক্ত করা হয়েছে। নিউ ইয়র্ক এবং নিউ জার্সির (New Jersey) প্রায় 4,800 একর পুড়ে গেছে এবং আগুন সম্পূর্ণ নিভে যাওয়ার আগ পর্যন্ত DEC পার্টনারদের সাথে নিয়ে অপারেশন বাস্তবায়ন করতে থাকবে।

এছাড়াও এই লম্বা খরার সময় চলাকালে, DEC এবং জরুরি সাড়াদান পার্টনাররা পুরো স্টেটে আরো এক ডজনের বেশি আগুনের মোকাবেলা করেছে।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

- অরেঞ্জ (Orange) কাউন্টিকে সাহায্য করার জন্য NY ফায়ার মোবিলাইজেশন অ্যান্ড মিউচ্যুয়াল এইড প্ল্যানকে (NY Fire Mobilization and Mutual Aid Pla) সক্রিয় করা হয়েছে এবং উইকেন্ড থেকে অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোলের (Office of Fire Prevention and Control, OFPC) ফায়ার অপারেশন্স সেন্টারকে (Fire Operations Center) চালু করা হয়েছে। এইসব রিসোর্স এবং স্থানীয় সমর্থন নিয়ে 152টি ডিপার্টমেন্ট তাদের 650 জন দমকলকর্মী নিয়ে সাড়াদান করেছে।
- NYS-এর ইন্সিডেন্ট ম্যানেজমেন্ট টিমের (Incident Management Team) সদস্যরা জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম (Geographic Information System, GIS), লজিস্টিক এবং অর্থায়নের ব্যাপারে সরাসরি সাহায্য করেছে এবং একটি 12 জনের টিম এখন অনসাইট কোঅর্ডিনেশনকে সমর্থন করছে।
- গত উইকেন্ড থেকে অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল, অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management, OEM) এবং অফিস অফ ইন্টারঅপারেবল অ্যান্ড ইমার্জেন্সি কমিউনিকেশন্সের (Office of Interoperable

and Emergency Communications) 15 জনের বেশি স্টাফ আলস্টার (Ulster) এবং অরেঞ্জ কাউন্টির ফায়ার অপারেশনে সাহায্য করেছে।

- কমিউনিকেশন সাপোর্টের মধ্যে আছে কমিউনিকেশন ইঞ্জিনিয়ার, পোর্টেবল রেডিও টাওয়ার, স্যাটেলাইট কমিউনিকেশন্সের ট্রাক ও অন্যান্য সরঞ্জাম, এবং তারা একটি ভ্রাম্যমাণ AT&T/FirstNe সাইটের কোঅর্ডিনেট করেছে যা সেলুলার 911 ক্ষমতাসহ সেলুলার সেবা দিয়েছে।
- সাড়াদানের ক্ষমতার ব্যাপারে কাজ করতে OEM স্টেটের এজেন্সিগুলিকে কোঅর্ডিনেট করেছে।
- স্টেটের স্টকপাইলের বস্তুর মধ্যে আছে 225টি চৌকি

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

- একাধিক হেলিকপ্টার আনুমানিক 300 পানির ফোঁটা এক্সিকিউট করেছে।
- মানুষহীন এরিয়াল সিস্টেম (Unmanned Aerial Systems) (ড্রোন) আগুন কতটা ছড়িয়ে পড়েছে এবং আগুন নেভানোর চেষ্টার উপর নজর রাখছে।
- ইউনিফর্মধারী ট্রুপাররা রাস্তা বন্ধ করা/ট্র্যাফিক নিয়ন্ত্রণ করতে সাহায্য করছে।
- কমান্ড পোস্টের স্টাফ

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation)

- 22 জন অপারেটর কর্মী
- 2টি পার্কস, রিক্রিয়েশন, অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসের (OPRHP) ডোজার ও অপারেটর
- 2 জন পাবলিক ইনফর্মেশন অফিসার
- 4 জন রিজিয়নাল ইমার্জেন্সি ম্যানেজার
- 6 জন পার্ক ফরেস্ট রেঞ্জার
- 9 জন পার্ক পুলিশ অফিসার
- 1 জন পার্ক পুলিশ সার্জেন্ট
- 2 জন পার্ক পুলিশ লেফটেন্যান্ট
- 1 জন পার পুলিশ ক্যাপ্টেন
- 2 জন পার্ক পুলিশ মেজর
- 1 জন পার্ক পুলিশ চীফ

10 নভেম্বর সাড়াদান করার সময় একজন অপারেশন কর্মী মারাত্মকভাবে আহত হয়েছেন।

সামরিক ও নৌ অ্যাফেয়ার্স ডিভিশন (Division of Military and Naval Affairs)

- 2টি ন্যাশনাল গার্ডের (National Guard) Blackhawk হেলিকপ্টার এবং 8 জন এয়ারক্রু
- 2টি Chinook হেলিকপ্টার

ডিপার্টমেন্ট অফ কারেকশন অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision)

- 20 জনের ক্রাইসিস টিম

পরিবহন বিভাগ (Department of Transportation)

- 4টি বুলডোজার

ধোঁয়ার এক্সপোজার কমানোর উপায়ের মধ্যে আছে:

- আপনার বাতাস সম্পর্কে জানুন: কাজ, ব্যায়াম, বা বাচ্চাদের নিয়ে পার্কে যেতে বের হওয়ার আগে এয়ার কোয়ালিটি ইনডেক্স (Air Quality Index, AQI) পূর্বাভাস চেক করে নিন এবং বাতাসের মান ভালো না হলে সেই অনুযায়ী আপনার ঘরের বাইরের কাজগুলি বদলে নিন। বাতাসের মানের অ্যালার্টসহ ইমেইল পেতে সাইন আপ করে সব আগে থেকে প্ল্যান করুন।
- ঘরের ভেতরে থাকুন: দরজা জানালা বন্ধ রাখুন এবং ঘরের ভেতরের বাতাস পরিষ্কার রাখুন। ঘরের ভেতর ধোঁয়া ঢুকে গেলে, পোর্টেবল এয়ার ক্লিনার কিনে নিন বা নিজে বানিয়ে নিন যাতে ঘরের ভেতরের পার্টিকল কমানো যায়, বা আপনার HVAC সিস্টেমে HEPA এয়ার ফিল্টার ব্যবহার করুন।
- মাস্ক পড়ুন: ঘরের বাইরে যেতেই হলে, ঠিকভাবে পড়া N95 মাস্ক বড় ধোঁয়ার পার্টিকল ফিল্টার করতে পারে, যা আপনার নিঃশ্বাসের সাথে নেওয়া পার্টিকুলেট ম্যাটারের (particulate matter, PM) পরিমাণ কমাতে পারবে।
- কঠিন কাজ করবেন না: ঘরের বাইরের এমন কঠিন কাজ করবেন না যার কারণে আপনার শ্বাস ফুলতে পারে।
- দুর্বলদের রক্ষা করুন: শিশুদের কেয়ারটেকার, বয়স্ক মানুষ, এবং যাদের অ্যাজমা আছে তাদের বিশেষভাবে সাবধান হতে হবে। তাদের নিরাপদ রাখার জন্য AQI যখন বেড়ে যাবে তখন ঘরের বাইরের কাজকর্ম কম করতে হবে।
- আপনার চারপেয়ে বন্ধুদের যত্ন নিন: মানুষের মতোই নাক, চোখ, গলা, এবং ফুসফুসের জ্বালাপোড়া থেকে আপনার পোষাপ্রাণীকে বাঁচানোর জন্য তাদেরকে বাইরে পাঠাতে হলে কম সময়ের জন্য পাঠান।
- যারা বাইরে সময় কাটান, যখন বাতাসের গুণমান অস্বাস্থ্যকর হয়, তাদের জন্য উপযুক্ত ফেস মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়। একটি N95 বা KN95 সবথেকে ভালো কাজ করবে। নিউ ইয়র্ক স্টেটের বাতাসের মানের পূর্বাভাস সম্পর্কে আরো জানা যাবে এখানে। আপনার এলাকার বর্তমান বাতাসের গুনমান জানতে www.airnow.gov দেখুন।

আগুনের ঝুঁকি বেশি হওয়ার কারণে নিউ ইয়র্ক স্টেট 30 নভেম্বর পর্যন্ত পুরো স্টেটে বার্ন ব্যান কার্যকর করেছে। বার্ন ব্যান পুরো স্টেটে ব্রাশ বা রাবিশ পোড়ানোর জন্য ঘরের বাইরে আগুন জ্বালানো, এবং একইসাথে অনিয়ন্ত্রিত ক্যাম্পফায়ার, এবং রান্নার জন্য খোলা আগুন শুরু করা নিষিদ্ধ করেছে। ব্যাকইয়ার্ডের ফায়ার পিট এবং তিন ফুট উচ্চতা এবং চার ফুট লম্বা, চওড়া, বা ব্যাসের ছোট নিয়ন্ত্রিত ক্যাম্পফায়ারের অনুমতি আছে, সেই সাথে ছোট, নিয়ন্ত্রিত রান্নার আগুনের অনুমতি আছে। নিউ ইয়র্ক স্টেটে সারা বছর ময়লা বা পাতা পোড়ানো নিষিদ্ধ এবং অনেক মিউনিসিপ্যালিটি এখন বার্ন ব্যান কার্যকর করে রেখেছে।

আজকে, হাডসন ভ্যালি (Hudson Valley) এবং লং আইল্যান্ডের (Long Island) আগুনের ঝুঁকিকে বাড়িয়ে "অনেক বেশি" করা হয়েছে; এবং ক্যাটস্কিল (Catskill), আপার হাডসন ভ্যালি (Upper Hudson Valle)/চ্যাম্পলেইন (Champlain), সেইন্ট লরেন্স (St. Lawrence), এবং লেদারস্টকিং (Leatherstocking) এলাকায় তা বাড়িয়ে "বেশি" করা হয়েছে; অ্যাডিরন্ড্যাক, হাই পিকস, লেক অন্টারিও, এবং সাউদার্ন টিয়ারে বর্তমানে আগুনের ঝুঁকি "মাঝারি"। ঝুঁকির মাত্রা সম্পর্কে সর্বশেষ তথ্য পাওয়া যাবে DEC-এর Fire Danger Map ওয়েবপেজে।আগুন মারাত্মক হয়ে যেতে পারে এবং ছোট থাকা অবস্থায়ই দমন না করলে তা নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন